

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২৫-আইন/ভ্রমণকর/২০১২।—ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর ধারা ৫, ধারা ৩ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার বিদেশ ভ্রমণ কর হার নির্ধারণ বিধিমালা, ২০০৪ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ২ এর-

- (ক) দফা (ক) এ বর্ণিত “দুই হাজার পাঁচশত” শব্দগুলির পরিবর্তে “তিন হাজার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) দফা (খ) এ বর্ণিত “আটশত” শব্দের পরিবর্তে “এক হাজার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (গ) দফা (গ) এ বর্ণিত “দুই হাজার” শব্দগুলির পরিবর্তে “দুই হাজার পাঁচ শত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১২ তারিখে কার্যকর হইবে।

**Bangladesh Tax Update**

[www.kdroy.com.bd](http://www.kdroy.com.bd)/[www.itr.com.bd](http://www.itr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
সৈয়দ মোঃ আমিনুল করিম  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)